

## সম্মেলন: পরিবেশনীতি ও আইনসমূহের বাস্তবায়ন সমস্যা

সুধি,

আগামী ১০ জানুয়ারি শনিবার বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা) এবং বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)-এর উদ্যোগে এবং দেশের বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় ও পরিবেশ সপক্ষ সংগঠনের সহযোগিতায় “পরিবেশনীতি ও আইনসমূহের বাস্তবায়ন সমস্যা” বিষয়ক দিনব্যাপী সম্মেলনের আয়োজন করা হয়েছে। ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।

এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তত্ত্বাবধায়ক সরকারের প্রাক্তন উপদেষ্টা ও বিশিষ্ট বিজ্ঞানী শিক্ষাবিদ অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী এবং বিশেষ অতিথি হিসেবে থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব জনাব ভূঁইয়া শফিকুল ইসলাম। সভাপতিত্ব করবেন বাপা সভাপতি জনাব এএসএম শাহজাহান।

সম্মেলনের সমাপনী অধিবেশনে প্রধান অতিথি হবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনোয়ার হোসেন মঞ্জু। সভাপতিত্ব করবেন বিশিষ্ট শিক্ষাবিদ, সাহিত্যিক ও বাপা সহ-সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ। সম্মেলনের সম্মিলিত (প্লেনারী) অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ ও বন বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব নজিবুর রহমান।

দিনব্যাপী এই সম্মেলনে বাংলাদেশের এবং প্রবাসী বাংলাদেশী বিজ্ঞানী, গবেষক, পেশাজীবী, পরিবেশ-কর্মীসহ সমাজের সকল স্তরের নাগরিকবৃন্দ অংশগ্রহণ করবেন। এই সম্মেলনে আপনাকে সবাঙ্কবে যোগদানের আমন্ত্রণ জানাচ্ছি।

ধন্যবাদান্তে

এএসএম শাহজাহান  
সভাপতি, বাপা

অধ্যাপক নজরুল ইসলাম  
আহ্বায়ক, সম্মেলন প্রস্তুতি কমিটি

ডঃ নজরুল ইসলাম  
বিশ্ব-সমন্বয়কারী, বেন



## সম্মেলনের সংক্ষিপ্ত কর্মসূচি

স্থান: কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা

৯:০০ থেকে ৯:৩০মি	অংশগ্রহণকারীদের নিবন্ধন
৯:৩০ থেকে ১০:০০মি	উদ্বোধনী অধিবেশন
১০:০০ থেকে ১১:০০মি	বিশেষ সম্মিলিত অধিবেশন
১১:০০ থেকে ১১:৩০মি	চা বিরতি
১১:৩০ থেকে ১:০০মি	প্রথম সমান্তরাল অধিবেশন
১:০০ থেকে ২:০০মি	মধ্যাহ্ন আহার
২:০০ থেকে ৩:৩০মি	দ্বিতীয় সমান্তরাল অধিবেশন
৩:৩০ থেকে ৫:০০মি	তৃতীয় সমান্তরাল অধিবেশন
৫:০০ থেকে ৫:৩০মি	চা বিরতি
৫:৩০ থেকে ৬:৩০মি	সম্মেলনের প্রস্তাব গ্রহণ
৬:৩০ থেকে ৭:৩০মি	সমাপনী অধিবেশন